

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫৫৪

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৮. জামা'আতে সালাত আদায়ের ফ্যীলত

باب فِي فَضْل ِ صَلَاةِ الْجَمَاعَةِ

আরবী

حَدَّثَنَا حَفْصُ بْنُ عُمَرَ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ عَبْدِ اللهِ بْنِ أَبِي بَصِيرٍ، عَنْ أَبُيّ بْنِ كَعْبِ، قَالَ صَلَّى بِنَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَوْمًا الصَّبْحَ فَقَالَ "أَشَاهِدٌ فُلَانٌ ". قَالُوا لَا . قَالُ الْإِنَّ هَاتَيْنِ الصَّلَاتَيْنِ أَتْقَلُ أَسَاهِدٌ فُلَانٌ " . قَالُوا لَا . قَالَ " إِنَّ هَاتَيْنِ الصَّلَاتَيْنِ أَتْقَلُ الصَّلَوَاتِ عَلَى الْمُنَافِقِينَ وَلَوْ تَعْلَمُونَ مَا فِيهِمَا لأَتَيْتُمُوهُمَا وَلَوْ حَبْوًا عَلَى الرُّكَبِ وَإِنَّ الصَّلَوَاتِ عَلَى الْمُنَافِقِينَ وَلَوْ تَعْلَمُونَ مَا فِيهِمَا لأَتَيْتُمُوهُمَا وَلَوْ حَبْوًا عَلَى الرُّكَبِ وَإِنَّ المَلَائِكَةِ وَلَوْ عَلِمْتُمْ مَا فَضِيلَتُهُ لَابْتَدَرْتُمُوهُ وَإِنَّ صَلَاتِهِ مَعَ الرَّجُلِ مَعَ الرَّجُلِ مَعَ الرَّجُلِ وَمَا كُثُر فَهُو أَحَبُ إِلَى اللهِ تَعَالَى " .

حسن

বাংলা

ধে৪। উবাই ইবনু কা'ব (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম আমাদের সাথে ফজরের সালাত আদায় করার পর বললেনঃ অমুক হাযির আছেন কি? সাহাবীগণ বললেনঃ না। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এ দুই ওয়াক্ত (ফজর ও 'ইশা) সালাতই মুনাফিকদের জন্য বেশি ভারী হয়ে থাকে। তোমরা যদি এই দুই ওয়াক্ত সালাতে কি পরিমাণ সাওয়াব রয়েছে তা জানতে, তাহলে হামাগুড়ি দিয়ে হলেও তোমরা অবশ্যই এতে শামিল হতে। জামা'আতের প্রথম কাতার মালায়িকাহর (ফিরিশতাদের) কাতারের সমতুল্য। তোমরা যদি এর ফায়ীলাত সম্পর্কে জানতে, তাহলে অবশ্যই তোমরা এজন্য প্রতিযোগিতা করতে। নিশ্চয় দু'জনের জামা'আত একাকী সালাত আদায়ের চেয়ে উত্তম। তিনজনের জামা'আত দু'জনের জামা'আতের চেয়ে উত্তম। জামা'আতে লোক সংখ্যা যত বেশী হবে মহান আল্লাহর নিকট তা ততই বেশি পছন্দনীয়।[1]



হাসান।

English

Narrated Ubayy ibn Ka'b:

The Messenger of Allah () led us in the dawn prayer one day. And he said: Is so and so present? They said: No. He (again) asked: Is so and so present? They replied: No. He then said: These two prayers are the ones which are most burdensome to hypocrites. If you knew what they contain (i.e. blessings), you would come to them, even though you had to crawl on your knees. The first row is like that of the angels, and if you knew the nature of its excellence, you would race to join it.

A man's prayer said along with another is purer than his prayer said alone, and his prayer with two men is purer than his prayer with one, but if there are more it is more pleasing to Allah, the Almighty, the Majestic.

ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায়ঃ ইমামাত, দু'জনে জামা'আত, হাঃ ৮৪২) দারিমী (অধ্যায়ঃ সালাত, অনুঃ মুনাফিকদের জন্য কোন্ সালাত বেশী ভারী, হাঃ ১২৬৯), আহমাদ (৫/১৪০) সকলেই শু'বাহ সূত্রে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন